নরসিংদী জেলা আইনজীবী সমিতির সভাপতির কক্ষে হামলা, ভাংচুর ।। আহত-৩

নরসিংদী প্রতিনিধি – নরসিংদীতে জেলা আইনজীবী সমিতির সভাপতির কার্যালয়ে হামলা- ভাংচুরের ঘটনা ঘটেছে । এতে ৩জন আইনজীবী আহত হয়েছেন। বুধবার(২ অক্টোবর,২০২৪) বিকালে বহিরাগত সন্ত্রাসী কর্তৃক হামলার এ ঘটনা ঘটেছে।
জেলা আইনজীবী সমিতির সভাপতি কাজী নাজমুল ইসলাম বলেন, বিকেল ৪ টার দিকে জেলা ছাত্রদল নেতা নাহীদের নেতৃত্বে ৩০/৪০ জন বহিরাগত লোক আমার কক্ষে প্রবেশ করেই হামলা, ভাংচুর চালায় । কক্ষের টেবিলের গ্লাসসহ বিভিন্ন আসবাবপত্র ভাংচুর করে ।
সভাপতি কাজী নাজমুল ইসলাম আরও বলেন, সন্ত্রাসীরা আমাকে মারধরের চেষ্টা করে। এসময় আমার জুনিয়র সহকর্মীরা আমাকে রক্ষা করতে এগিয়ে গেলে তারা হামলার শিকার হয়।
এসময় সন্ত্রাসীদের এলোপাতাড়ি হামলা মারধরের ঘটনায় জেলা আইনজীবী সমিতির সাবেক সেক্রেটারী মোহাম্মদ আলী টুটুল আহত হয়েছেন। এছাড়া, মাসুদ এবং মামুন নামে আরো দু’জন আইনজীবী আহত হয়েছেন।
কী কারণে হামলা করেছে বলে জানতে চাইলে তিনি বলেন, কী কারণে হামলা করেছে বলতে পারবো না। তবে, আমি আওয়ামী লীগ পন্থী আইনজীবী বলে হামলা করতে পারে।
জানা গেছে, ঘটনার আগের দিন মঙ্গলবার নরসিংদীর মাধবদী এলাকার একটি হত্যাকান্ডের ঘটনায় নরসিংদী জেলা আইনজীবী সমিতির কয়েকজন সদস্যসহ অন্যান্যদের আসামী করে ওয়ালিউল্লাহ নামে এক ব্যক্তি একটি হত্যামামলা দায়ের করে। ছাত্রদল নেতা নাহিদ আইনজীবী সমিতির সামনে সমাবেশে বলেন, বুধবার সকালে মামলার বাদীসহ আইনজীবী সমিতির সদস্যরা এ মামলাটি প্রত্যাহারের জন্য বাদীকে বাধ্য করে । ছাত্রদল নেতা সিদ্দিকুর রহমান নাহিদ বলেন, আমরা খবর পেয়ে বাদীকে উদ্ধার করেছি । আমরা ন্যায়ের পক্ষে আছি । হামলার পরপরই ছাত্র দল নেতারা আইনজীবী সমিতির কার্যালয়ের সামনে সমাবেশ করে এসব কথা বলেন।
কিন্তু আইনজীবী সমিতির সভাপতি কাজী নাজমুল ইসলাম জানান, এ মামলাটি ছিল মূলত উদ্দেশ্য প্রণোদিত। বাদী নিজেই মামলা এবং আসামীর বিষয়ে ভাল করে জানতো না। যে কারণে সে নিজেই জেলা প্রশাসক

(ডিসি) এর সংগে স্বাক্ষাৎ করে মামলাটি প্রত্যাহার করার জন্য আমাদের কাছে এসেছিলেন।
কিন্তু এ প্রত্যাহার চেষ্টার খবর পেয়ে ছাত্রদল নেতা সিদ্দিকুর রহমান নাহিদ ও আব্দুর রউফ ফকিরের নেতৃত্বে ৩০/৪০ বহিরাগত সন্ত্রাসী এসে আমাদের কার্যালয়ে এবং আমার অফিস কক্ষে ভাংচুর করে এবং আমাকে মারতে আসে। এসময় আমার সহকর্মীরা আমাকে রক্ষা করতে গিয়ে অনেকে আহত হয়।

অপরদিকে এই ঘটনার পর ছাত্রদল নেতা সিদ্দিকুর রহমান নাহিদ জনসম্মুখে বক্তৃতা দিয়ে জানিয়েছেন, মামলাটি প্রত্যাহার করতে বাদীকে বাধ্য করানো হয়েছে। আইনজীবীরা তাকে ধরে এনে জোরপূর্বক মামলাটি প্রত্যাহার করতে চেয়েছে।

উল্লেখ্য যে, নরসিংদীর আইনজীবী সমিতির কার্যালয়ে এ ধরণের সন্ত্রাসী হামলা অতীতে আর হয়নি।

ছাত্রদল নেতা এই সিদ্দিকুর রহমান নাহিদ হাজতি থাকাবস্থায় কোর্টে হাজিরা দিতে এসে কোর্টের গারদ খানায় তার জন্মদিন পালন করেছিল।
এ বিষয়টি তখন নরসিংদীতে ব্যাপক আলোচনা-সমালোচনা সৃষ্টি হয়েছিল। আর গতকাল দ্বিতীয়বারের মত তার নেতৃত্বে নরসিংদী জেলা আইনজীবী সমিতির কার্যালয়ে সন্ত্রাসী হামলার ঘটনায় দ্বিতীয় দফায় আলোচনা সমালোচনার ঝড় উঠে ।